

## বাওয়ালিদের গল্প

লেখকচার -৩(১৪.৬.২০)

### লেখকচার -৩

### গুরুত্বপূর্ণ তথ্য:

\* গাছ হলো আমাদের বনধু। গাছ আমাদের অক্সিজেন দেয়। সেই অক্সিজেন আমরা নিশ্বাস নেওয়ার সময় গ্রহণ করি। তাই একটি দেশের জন্য শতকরা ২০-২৫% বন থাকা প্রয়োজন। যে অঞ্চলে বন বা গাছপালার পরিমাণ যত বেশি সেই অঞ্চলের পরিবেশ তত বেশি মনোরম এবং মানুষের বসবাসের জন্য তত বেশি উপযুক্ত। গাছপালা পরিবেশের ভারসাম্য রক্ষা করে। দিন দিন বন জঙ্গল ধ্বংস করে মানুষ কলকারখানা ও বাড়ি বানাচ্ছে। এতে করে কলকারখানার ধোয়ায় পরিবেশ নষ্ট হচ্ছে। যার প্রভাব পড়ছে আবহাওয়া ও বায়ুমণ্ডলের ওপর। সুন্দরবনের আশেপাশেও এরূপ কলকারখানা গড়ে ওঠার কারণে বনের গাছপালার বৃদ্ধির হার কমে যাচ্ছে, এমনকি এর ফলে অনেক প্রাণী আজ বিলুপ্ত হয়ে গিয়েছে। যেমন-গন্ডার, চিতাবাঘ, ওলবাঘ ইত্যাদি। অন্যদিকে সুন্দরবনের আশেপাশের গ্রামের অনেক গ্রামের মানুষ এই বন থেকে কাঠ সংগ্রহ করে জীবিকা নির্বাহ করার কারণে সুন্দরবনের অনেক গাছ কমে গিয়েছে এবং বন ধ্বংস হচ্ছে। আর এর প্রভাব পড়ছে প্রকৃতির ওপর। কেননা এই সব গাছ উপকূলীয় এলাকার জন্য প্রাকৃতিক ঢাল হিসেবে কাজ করে। তাই ১৯৮৯ সালে সরকার সুন্দরবন থেকে কাঠ আহরণ নিষিদ্ধ করেছে।

### \*বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্যের মূল বিষয়গুলো নিচে দেওয়া হলো:

১. বাংলাদেশের ঋতুবৈচিত্র ও রূপ
২. গ্রামীণ দৃশ্য
৩. নদীমাতৃক দেশ
৪. গাছপালা-পাখিপাখালি ইত্যাদি.

### \* সুন্দরবনের প্রাকৃতিক সৌন্দর্যের মূল বিষয়গুলো নিচে দেওয়া হলো:

১. নানা রকম গাছপালা
২. নানা ধরনের পশুপাখি
৩. বিখ্যাত রয়েল বেঙ্গল টাইগার
৪. বঙ্গোপসাগর ইত্যাদি

\*\*\* শিক্ষার্থীবৃন্দ উপরের আলোচনা সহ পাঠ্যবই থেকে গল্পটি ভালোভাবে পড়বেন।